



স্মারক নং: জবি/গসওপ্র/প্রেস বিজ্ঞপ্তি/২০০৮/১৭০১

তারিখ: ০৯/০৭/২০১৭

বরাবর

সম্পাদক

**দৃষ্টি আকর্ষণ: বার্তা সম্পাদক**

**জরুরি সংবাদ বিজ্ঞপ্তি**

**বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষককে চাকুরি হতে বরখাস্ত এবং দুই শিক্ষককে কারণ দর্শানোর নোটিশ**

আজ (০৯ জুলাই-২০১৭, রবিবার) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ৭৪তম সিন্ডিকেট সভায় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহযোগী অধ্যাপক মীর মোশাররফ হোসেন-এর বিরুদ্ধে বিভাগীয় ছাত্রীদের যৌন হয়রানির অভিযোগের প্রেক্ষিতে গঠিত তদন্ত কমিটির চূড়ান্ত প্রতিবেদনের ভিত্তিতে তাকে চাকুরি হতে বরখাস্ত করা হয়।

এছাড়া, নাট্যকলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ আব্দুল হালিম প্রামাণিক-এর বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে তথ্যানুসন্ধান কমিটির প্রতিবেদনে যৌন হয়রানির অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

গত শিক্ষাবর্ষে (২০১৬-১৭) ভর্তি পরীক্ষায় দায়িত্বে অবহেলা ও পরীক্ষা শৃংখলা বিরোধী কাজে জড়িত থাকার অভিযোগ প্রমাণিত হওয়ায় ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের প্রভাষক দেওয়ান বদরুল হাসান-এর পদোন্নতি আবেদন আগামী দুই বছরের জন্য বিবেচনা না করা এবং আগামী পাঁচ বছরের জন্য ভর্তি পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যবাহী হতে তাকে বিরত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

এছাড়াও ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক নাসির উদ্দিন আহমদের বিরুদ্ধে প্রকাশনা জালিয়াতির অভিযোগের সত্যতা প্রমাণিত হওয়ায় তাকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

(মোঃ সাইফুল ইসলাম)

সহকারী পরিচালক

জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর

মোবাইল: ০১৭১১-৯৭৯৯২৪